গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর অধিশাখা
(www.mos.gov.bd)

বিষয়: পানগাঁও আইসিটির কার্যক্রমকে সর্বোত্তম ব্যবহার এবং আরও গতিশীল করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খালিদ মাহ্মুদ চৌধুরী, এম,পি,<br>প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৯-০৩-২০১৯ খ্রিঃ, বিকাল ৪.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক'-দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তাঁর অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) পানগাঁও আইসিটি এবং এর গুরুত্ব ও উপযোগিতা সম্পর্কে সভায় অবহিত করেন। উল্লিখিত বিষয়ে তৎকালীন মাননীয় নৌপরিবহন মন্ত্রীর সভাপতিত্বে ১০-০৭-২০১৭ ও ০৭-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়।

২। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান সভায় অবহিত করেন, পানগাঁও ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল (পিআইসিটি)-এ ১৮০০০ (আঠার হাজার) কন্টেইনার পরিচালনা করার সুবিধা রয়েছে। কিন্তু সে অনুযায়ী টার্মিনালে কন্টেইনার পাওয়া যায় না। টার্মিনাল ব্যবহারকারীগণের সহযোগিতা পেলে টার্মিনালের কার্যক্রম আরও বৃদ্ধি করা সম্ভব।

৩। ফ্রেইট ফোরওয়ার্ডার্স অ্যাসোশিয়েশন অব বাংলাদেশ'র সভাপতি সভায় উল্লেখ করেন, পানগাঁও আইসিটিতে পর্যাপ্ত সুবিধাদি রয়েছে। কিন্তু টার্মিনাল ব্যবহারকারীগণ পানগাঁও টার্মিনালের চেয়ে চট্টগ্রাম বন্দর ব্যবহারে স্বাচ্ছন্দবোধ করেন। তাছাড়া, ভারতের সাথে ট্রান্সশিপমেন্ট ব্যবস্থা চালু করা যায় কি-না তা পর্যালোচনা করে দেখা যেতে পারে।

৪। পানগাঁও আইসিটি'র বিষয়ে বিটিএমএ'র প্রতিনিধি সভায় জানান, মেইন লাইন অপারেটর ও অন্যান্য সংশ্লিষ্টদের সহযোগিতা পেলে তুলা আমদানিতে পানগাঁও আইসিটি ব্যবহার করতে তারা প্রস্তুত রয়েছেন। এ প্রসঙ্গে মার্সক'র প্রতিনিধি জানান, তারা এ রকম উদ্যোগকে স্বাগত জানাবেন। বাদশা গ্রুপের প্রতিনিধি সভায় অবহিত করেন, পানগাঁও টার্মিনালে বর্তমানে অন চেসিস ডেলিভারি ব্যবস্থা নেই। কাস্টমস্'র কোন স্ক্যানার নেই। অবিলম্বে টার্মিনালে স্ক্যানার স্থাপন করা জরুরি। আপাতত চট্টগ্রাম বন্দর থেকে অপারেটরসহ একটি স্ক্যানার পানগাঁও কাস্টমস হাউজে সরবরাহ করে সমস্যার সমাধান করা যেতে পারে। এ প্রস্তাবে কমিশনার, কাস্টমস্ হাউজ, পানগাঁও সম্মতি প্রদান করেন। চেয়ারম্যান, চবক জানান, তিনি অপারেটরসহ একটি স্ক্যানার কাস্টমস হাউজ, পানগাঁও-এ সাময়িকভাবে সরবরাহ করবেন।

৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন, পানগাঁও আইসিটি একটি গুরুত্বপূর্ণ টার্মিনাল। তিনি এ টার্মিনালটিকে আরও গতিশীল এবং পূর্ণ মাত্রায় ব্যবহারের জন্য সময়ে সময়ে মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে সভা করার উপর গুরুত্বারোপ করেন।

৬। বিস্তারিত আলোচনাশেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ অপারেটরসহ ০১টি স্ক্যানার সাময়িকভাবে কাস্টমস্ হাউজ, পানগাঁও-এ সরবরাহ করবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পানগাঁও আইসিটির মাধ্যমে সরাসরি তুলা আমদানি করার সম্মতি জানিয়ে বিটিএমএ-কে অনুমতিপত্র প্রদান করবে।

৩) শিপিং এজেন্টস্ অ্যাসোসিয়েশন'র পক্ষ থেকে পানগাঁও আইসিটিতে তুলা পরিবহনে সম্মত আছেন মর্মে বিটিএম-কে সম্মতিপত্র প্রদান করবে।

৭। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার কাজ শেষ করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখঃ ০৭-০৪-২০১৯
(খালিদ মাহ্‌মুদ চৌধুরী, এমপি)
প্রতিমন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২১.১৮.০০৪.১৭-১৪৬ তারিখ ঃ ০৮-০৪-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) সদয় কার্যার্থে:

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৬। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
১০। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ৫, দিলকুশা, মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কারওয়ান বাজার, ঢাকা।
১৩। মহাপরিচালক, নৌপরিবহণ অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৪। কমিশনার, কাস্টমস হাউজ পানগাঁও, কেরাণীগঞ্জ, ঢাকা।
১৫। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও আইসিটি, কেরাণীগঞ্জ, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) উপস্থিত থাকার অনুরোধসহ:

১। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, ২৩/১ পান্থপথ, লিংকরোড, কাওরান বাজার, ঢাকা।
৩। সভাপতি, বিকেএমইএ, ১৩/৩ সোনারগাঁও রোড, প্ল্যানার্স টাওয়ার (১৩ তলা), ঢাকা।
৪। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার, ৮ম তলা, ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
৫। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন,৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।
৬। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, প্লট ৭৬/এ (৫ম তলা), রোড-১১, ব্লক-এম বনানী, ঢাকা।
৭। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশন, চন্দ্রশীলা সুবাস্তু টাওয়ার (৪র্থ তলা), ৬৯/১,পান্থপথ, গ্রীনরোড,ঢাকা।
৮। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়াডার্স এসোসিয়েশন, আতাতুর্ক টাওয়ার, ৯ম তলা, ২২ কামাল আতাতুর্ক এভিনিউ, ঢাকা।
৯। সভাপতি, বাংলাদেশ রিকন্ডিশন ভেইক্যাল ইনপোর্ট এন্ড ডিলার (বারভিডা) এসোসিয়েশন, আকরাম টাওয়ার, বিজয়নগর, ঢাকা।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, স্টক একচেঞ্জ ভবন, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
১১। সভাপতি ফ্রেইট ফরওয়াডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (বিএএফএফএ) আক্তারুজ্জামান সেন্টার (৭ম তলা), অগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

১২। সভাপতি, বাংলাদেশ ওশান গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, ইস্ট কোস্ট সেন্টার, বীর উত্তম, মীর শওকত রোড, গুলশান,ঢাকা-১২১২।
১৩। প্রেসিডেন্ট, নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রিজ, ৫০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।
১৪। প্রেসিডেন্ট, ফরিদপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রিজ, চেম্বার হাউস, নীলকুঠি, ফরিদপুর।
১৫। সভাপতি, বাংলাদেশ জুট এসোসিয়েশন বিজেএ ভবন, ৭৭ মতিঝিল বা/এ, ঢাকা।
১৬। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশন, চন্দ্রশীলা সুবাস্তু টাওয়ার (৪র্থ তলা), ৬৯/১,পান্থপথ, গ্রীনরোড, ঢাকা।
১৭। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়াডার্স এসোসিয়েশন, আতাতুর্ক টাওয়ার, ৯ম তলা, ২২ কামাল আতাতুর্ক এভিনিউ, ঢাকা।
১৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, স্টক একচেঞ্জ ভবন, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
১৯। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, প্লট ৭৬/এ (৫ম তলা), রোড-১১, ব্লক-এম বনানী, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, প্রাণ-আরএফএল গ্রুপ, প্রাণ-আরএফএল সেন্টার, ১০৫ মধ্যবাড্ডা, ঢাকা-১২১২।
২১। ব্যবস্থাপনা পরিচালক, নোমান গ্রুপ, হাউজ-১৯, রোড-৪৪, গুলশান, ঢাকা-১২১২।
২২। ব্যবস্থাপনা পরিচালক, বেক্সিমকো গ্রুপ, ঢাকা।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, পারটেক্স গ্রুপ, ৭৪ বীর উত্তম, এ কে খন্দকার রোড, গুলশান, ঢাকা-১২১২।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, রহিম-আফরোজ, ১৩ বীর উত্তম, এ কে খন্দকার রোড, গুলশান, ঢাকা-১২১২।
২৫। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা বাংলাদেশ, লিঃ, ১৮৭-১৮৮/বি, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা।
২৬। ব্যবস্থাপনা পরিচালক, এসিআই ফুডস লিঃ, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, বীর উত্তম মীর শওকত সড়ক, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, মার্কস বাংলাদেশ লিঃ, প- ট ৭৬/এ, (৫ম তলা), রোড-১১, ব্লক-এম, বনানী, ঢাকা-১২১৩।
২৮। ব্যবস্থাপনা পরিচালক, বাদশা টেক্সটাইল লিমিটেড, ঢাকা।
২৯। ব্যবস্থাপনা পরিচালক, জেনিস সুজ লিমিটেড, ঢাকা।
৩০। ব্যবস্থাপনা পরিচালক, এপিএল লজিস্টিকস লিমিটেড, ঢাকা।
৩১। কান্ট্রি ম্যানেজার, এপিএম লজিস্টিকস (ডেমকো) লিমিটেড, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। উপসচিব (নিরাপত্তা-২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বর্ণিত সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের গাড়ি ও ড্রাইভারসহ সচিবালয়ে প্রবেশের অনুমতি দেয়ার অনুরোধসহ)।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা (সভায় উপস্থিত কর্মকর্তাদের আপ্যায়নের ব্যবস্থার অনুরোধসহ)।
৫। প্রোগ্রামার, নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (চবক)'র ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা।

০৮.৪.১৯

(মোঃ আবদুস ছাত্তার)
উপসচিব
নৌপরিবহণ মন্ত্রণালয়